# বিভাগীয় মাসিক সভার কার্যবিবরণী

স্থান ঃ উপপরিচালকের কার্যালয়, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।
তারিখ ঃ ১৮/১২/২০২৩ খ্রি.
সময় ঃ সকাল ১০.৩০ টা
উপস্থিতি ঃ হাজিরা খাতায় সংরক্ষিত।
সভাপতি ঃ মোঃ সিরাজুল ইসলাম, উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং জেলা প্রশিক্ষণ অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। জেলা প্রশিক্ষণ অফিসার গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন অসঙ্গতি না থাকায় কার্যবিবরণী অনুমোদন করা হয়। সভায় আলোচিত এজেন্ডা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ ঃ

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | রোপা আমন ধানের ফলন নির্ধারণ | অতিরিক্ত উপপরিচালক (শস্য) সভাকে জানান যে, খরিপ/২ মৌসুমে জেলায় রোপা আমনের (১৩৭১৫০ হে.) কর্তন সম্পন্ন হয়েছে। আমনের গড় ফলন ৩.৪৯ মে.টন/হে. পাওয়া যায় যা গত বছরের চাইতে বেশি (উল্লেখ্য গত বছর গড় ফলন ছিল ৩.৪৭ টন/হে.) । উপজেলার কৃষি অফিসারগন সভায় রোপা আমন ধানের জাতভিত্তিক ফলন বিষয়ে আলোচনা করেন। | ১। নমুনা শস্য কর্তনে প্রাপ্ত ফলন ও কৃষকের সাক্ষাতের ভিত্তিতে জাতভিত্তিক চূড়ান্ত ফলন নির্ধারণ পূর্বক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ২ | রবি ফসলের আবাদ অগ্রগতি | অতিরিক্ত উপপরিচালক (শস্য) সভাকে জানান যে, জেলায় চলতি রবি/২৩-২৪ মৌসুমে সরিষা ১৯৭৯০ হে. (চুড়ান্ত), গম ৩১১৫০ হে. (চুড়ান্ত), আলু ২৫৯২৬ হে. ভুট্টা ৩০৯১০ হে. শাকসবজি ৬৮৫৬ হে. মরিচ ৯২৮ হে. পেঁয়াজ ৩৭৯ হে. আবাদ হয়েছে এবং বোরো বীজ তলা ৪৬৯ হে. অর্জিত হয়েছে। ভুট্টা ও আলু লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে বলে উপজেলা কৃষি অফিসারগণ জানান। | ১। রবি/২৩-২৪ মৌসুমে কৃষক নির্বিঘ্নে ফসল ঘরে তুলতে পারে সে জন্য নিয়মিত মাঠ মনিটরিং ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে।<br>২। বোরো ফসলে দৃশ্যমান পার্চিং, লাইন ও লগো নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৩ | বিভিন্ন প্রকল্প/রাজস্ব খাত/সমলয়/প্রণোদনার আওতায় প্রদর্শনী ও মাঠ দিবসের বাস্তবায়ন অগ্রগতি | বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রকল্পের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে প্রদর্শনী ও মাঠ দিবস সমূহ বাস্তবায়ন করতে হবে। প্রদর্শনীর সাইনবোর্ডে সঠিক জাত উল্লেখ করে যথা নিয়মে স্থাপন করার বিষয়ে আলোচনা হয়। প্রকল্পের গাইডলাইন অনুযায়ী প্রদর্শনী সমুহের উপকরণ সঠিক সময়ে বিতরণ ও বাস্তবায়নের জন্য বলা হয়। প্রদর্শনী মাঠে স্থাপনের সাথে সাথে বিনির্দেশিত ছকপত্র বাস্তবতার নিরিখে তথ্য যাচাই পুর্বক প্রাথমিক ও চুড়ান্ত প্রতিবেদন প্রকল্প অফিস ও অত্র দপ্তরে প্রেরণের জন্য সভায় আলোচনা হয়। সমলয় প্রদর্শনী ও প্রণোদনা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য উপপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সমলয় প্রদর্শনীতে ১০শতক জমিতে খামারী অ্যাপ ও ৫ একর জমিতে AWD ব্যবহার নিশ্চিত করার জন্য সভায় আলোচনা হয়। এছাড়া প্রনোদনা কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে মাস্টার রোলের ১ কপি অত্র অফিসে প্রেরণ করার জন্য সভায় আলোচনা হয়। | ১। প্রদর্শনী যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২। সমলয় প্রদর্শনী বাস্তবায়নে চারা ফেলার পূর্বে প্রশিক্ষণ ও দলীয় সভা আয়োজন করতে হবে।<br>৩। AWD ব্যবহার ও খামারি Apps ব্যবহার করে সার প্রয়োগ করতে হবে।<br>৪। প্রদর্শনী স্থাপনের পর প্রাথমিক ও কর্তনের পর চূড়ান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে জেলায় প্রেরণ করতে হবে।<br>৫। প্রাথমিক প্রতিবেদন যথাসময়ে প্রকল্প অফিস ও অত্র দপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৬। সকল প্রণোদনা কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>৭। প্রদর্শনী চেক লিস্ট আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br>৮। প্রনোদনা কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে অত্র অফিসে মাস্টাররোল প্রেরণের সিদ্ধান্ত হয়। | উপজেলা কৃষি অফিস (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | ফসলের রোগ পোকা পরিস্থিতি, ও উদ্ভিদ সংরক্ষণ বিষয়ক কার্যক্রম | অতিরিক্ত উপপরিচালক (পিপি) মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের রোগ বালাই পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট সকলের মাঠ মনিটরিং জোরদার করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। বালাইনাশক লাইসেন্স নিয়মিত হালনাগাদসহ,দোকান মনিটরিং এর ব্যাপারে আলোচনা হয়। একই সাথে প্রতিমাসে বালাইনাশক নমুনা পরীক্ষাগারে পাঠানোর বিষয়ে আলোচনা হয়। | ১। বালাইনাশক ডিলারের লাইসেন্স হালনাগাদ, সাইনবোর্ডসহ অন্যান্য নিয়মমাফিক বিষয়াবলীর মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>২। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩ মাস আগে আবেদন করতে হবে।<br>৪। ভেজাল রোধে বালাইনাশকের নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভেজাল প্রমাণিত বালাইনাশকের মজুদ ও বিপণনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। বালাইনাশক দোকানসমূহে সময় উপযোগী মানসম্মত বালাইনাশকের মজুদ নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৫ | রাসায়নিক সার মজুদ, সরবরাহ পরিস্থিতি ও মনিটরিং | বিভিন্ন রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি নিয়ে সভায় আলোচনা করা হয়। নিয়মিত সারের মজুদ সরেজমিনে বরাদ্দ ও আগমনীবার্তা অনুযায়ী গুদামঘর যাচাই পূর্বক বিক্রয়ের অনুমতি প্রদানের জন্য বলা হয়। | ১। সার মনিটরিং জোরদার করতে হবে।<br>২। সকল প্রকার তরল সারের মজুদ, বাজারজাত ও বিতরণ বন্ধে মনিটরিং জোরদার করতে হবে।<br>৩। ভেজাল প্রমানিত সারের মজুত ও বিপণনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৬ | অনাবাদি পতিত জমির ব্যবহার | প্রকল্পের আওতায়:<br>অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনার বিষয়ে সভায় আলোচনা হয়। অনাবাদি পতিত ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান প্রকল্পের আওতায় বাস্তবায়িত পূর্বের প্রদর্শনীসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন করে অত্র দপ্তরের স্মারক নং-৫৭৬, তারিখ-১৫/০৬/২২ মোতাবেক পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপনে সবজি ও ফল গাছ নির্বাচন সংক্রান্ত গৃহিত পরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়। প্রকল্পের আওতায় চলমান অর্থ বছরের (২০২৩-২৪) বরাদ্দপ্রাপ্ত পারিবারিক পুষ্টি বাগান, শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টি বাগান ও আশ্রয়ন প্রকল্পের পুষ্টি বাগানগুলি যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপপরিচালক মহোদয় সকল কৃষি অফিসারদের নির্দেশনা প্রদান করেন।<br>উদ্বুদ্ধকরণের মাধ্যমে:<br>উদ্বুদ্ধকরণের মাধ্যমে বিভাগীয় নির্দেশনা অনুসারে প্রত্যেক উপসহকারী কৃষি কর্মকর্তা তার ব্লকের আশ্রয়ন/ আবাসনে কৃষি বিষয়ক পরামর্শ ইতোপূর্বে প্রেরিত ছকপত্র মোতাবেক প্রদান করবেন।<br>আশ্রয়ন প্রকল্প সমুহে কৃষি পরামর্শ ও সেবার ছবি ও ভিডিও ক্লিপ ধারণ করে প্রেরণের জন্য সভায় আলোচনা হয়। | ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (প্রতি ইঞ্চি জমির সদ্ব্যবহার) বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। প্রকল্পের আওতায় পূর্বের বাগান পরিষ্কার পরিচ্ছন্ন করে সবজির বাগান তৈরী এবং শস্য বিন্যাস অনুযায়ী বাগান সাজাতে হবে, ৫ বেডে ৫ রকমের সবজি থাকতে হবে।<br>৩। চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। আগামী সভায় চলমান কার্যক্রমের প্রমাণক উপস্থাপন করতে হবে।<br>৫। প্রদর্শনী যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৭ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালাগাদকরণ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালাগাদকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>২। কৃষি বাতায়ন ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৮ | বিশেষ কার্যক্রমের অগ্রগতি | সভায় অতিরিক্ত পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বিশেষ কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। প্রত্যেক উপজেলায় বিশেষ কার্যক্রম নির্দেশনা মোতাবেক সম্পন্ন করার বিষয়ে সভায় উপপরিচালক মহোদয় গুরুত্ব আরোপ করেন। | ১। অতিরিক্ত পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিশেষ কর্মসূচি যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>২। প্রত্যেকটি ব্লকে ১টি করে গ্রাম বিশেষ কর্মসূচির আওতায় আনতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৯ | রেকর্ড-পত্রাদি সংরক্ষণ | ১। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে রাজস্ব কর্মসূচি ও প্রকল্পের আওতাধীন বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে রেজিস্টারে সংরক্ষন করা প্রয়োজন। একইসাথে ব্লক পর্যায়ের তথ্যাদি একীভূত করে উপজেলার তথ্য নির্দিষ্টকরণ এবং তা জেলায় প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য হালনাগাদ রাখা এবং সময়মতো রিপোর্টিং এর বিষয়ে তাগিদ প্রদান করা হয়। | ১। রাজস্ব কর্মসূচিসহ প্রকল্প কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে সংরক্ষন করতে হবে।<br>২। উপজেলা ও ব্লক পর্যায়ের সাথে সংগতি রেখে জেলায় তথ্য প্রেরণ করতে হবে।<br>৩। উপজেলায় সারের আগমনী রেজিস্টার, প্রদর্শনী রেজিস্টার, দৈনিক প্রতিবেদন রেজিস্টার, এসএএওগণের সাপ্তাহিক প্রতিবেদন রেজিস্টার যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ | অতিরিক্ত পরিচালক (শস্য) সভাকে জানান যে, যেহেতু সরিষার আবাদ চূড়ান্ত অর্জিত হয়েছে সেহেতু এখনিই ডাল তেল ও মসলা জাতীয় প্রকল্পের আওতায় প্রত্যেক উপজেলায় প্রাপ্ত মৌবক্স সমুহের কলোনী নিশ্চিত করে মধু আহরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। এছাড়াও গত বছর যে সমস্ত মৌয়াল এসেছিল তাদের সাথে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। আবহাওয়া পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় জেলা অফিসে কমিউনিটি রেডিও ৯৮.০ এফএম বেতার প্রতিদিন (ছুটির দিন বাদে) বিকাল ৩.০০ ঘটিকা হতে ৪.০০ ঘটিকা পর্যন্ত কৃষি বিষয়ক আবহাওয়া বুলেটিন, আলোচনা, কৃষি বিষয়ক নাটিকা ইত্যাদি প্রচারিত হচ্ছে এ বিষয়ে সদর ও অন্যান্য উপজেলার কৃষি কর্মকর্তাগণকে অনুষ্ঠান আয়োজনে অংশগ্রহণের জন্য উপপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। আবহাওয়া প্রকল্পের ডিসপ্লে বোর্ডসমূহ হালনাগাদকরণের বিষয়েও আলোচনা হয়। | ১। সকল মৌবক্স (প্রকল্পসহ ও অন্যান্য উৎসের) সচল রাখতে হবে।<br>২। মৌয়ালদের সাথে যোগাযোগ পূর্বক মৌবক্স স্থাপন নিশ্চিত করতে হবে।<br>৩। ব্যক্তিগত যোগাযোগ, উঠান বৈঠক, মাঠ দিবস ইত্যাদি অনুষ্ঠানে কমিউনিটি রেডিও এর প্রচার করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ সিরাজুল ইসলাম
উপপরিচালক
ফোন: ০২৫৮৯৯৩১৬৩৯
ইমেইল-dddaethakurgaon@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও

স্মারক নংঃ ১২.১৭.৯৪০০.০৪১.১৪.০৩৯.২২. ২১১৪ তারিখ ঃ ১৮/১২/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
০৩। জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।
০৪।প্রকল্প পরিচালক, দিনাজপুর অঞ্চলে টেকসই কৃষি উন্নয়ন প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৫। সিনিয়র মনিটরিং অফিসার, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্ট্রাপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) শীর্ষক প্রকল্প, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
০৬।অতিরিক্ত উপপরিচালক(শস্য/পিপি/উদ্যান), অত্র দপ্তর।
০৭। উপজেলা কৃষি অফিসার, সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রানীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও